দৈনিক জনকণ্ঠ
তারিখ 21 JUN 2017
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন সংস্থার মধ্যে নয়া অর্থবছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি

**স্টাফ রিপোর্টার ॥** শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন সংস্থার মধ্যে নতুন অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করা হয়েছে। মঙ্গলবার মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের উপস্থিতিতে এ চুক্তি স্বাক্ষরিত হয়। এদিকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে মন্ত্রণালয়ের সঙ্গে তার অধীন ৪টি দফতরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সকালে শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন সংস্থার মধ্যে নতুন অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করা হয়। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের উপস্থিতিতে অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের পক্ষে সচিব মোঃ সোহরাব হোসাইন, কারিগরি ও মাদ্রাসা বিভাগের পক্ষে ভারপ্রাপ্ত সচিব মোঃ আলমগীর এবং বিভিন্ন সংস্থার পক্ষে প্রধানরা চুক্তিতে স্বাক্ষর করেন। এ সময় শিক্ষামন্ত্রী বলেন, চুক্তি বাস্তবায়নে সংশ্লিষ্ট সবাইকে আন্তরিকভাবে কাজ করতে হবে। সংস্থাগুলো এক বছরে যেসব কাজের জন্য ওয়াদাবদ্ধ হয়েছে, তা পরিকল্পনা অনুযায়ী সময়মতো শেষ করতে হবে। বছরের শুরুতেই পরিকল্পনা করে তা বাস্তবায়নের লক্ষ্যে কাজ করতে হবে। শিক্ষা মন্ত্রণালয়ের ভাবমূর্তি উজ্জ্বল রাখতে নিজ নিজ দফতরের কাজগুলো সময়মতো সম্পন্ন করার আহ্বান জানান শিক্ষামন্ত্রী। তিনি মন্ত্রণালয় ও দফতরগুলোর ওয়েবসাইটগুলো আপ-টু-ডেট রাখার জন্য কর্মকর্তাদের নির্দেশ দেন। মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমদ ও মোঃ মহিউদ্দিন খান, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান এবং শিক্ষা মন্ত্রণালয় ও দফতরের প্রধানরা এ সময় উপস্থিত ছিলেন।

এদিকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গেও তার অধীন দফতরসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করা হয়েছে। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- মন্ত্রণালয়ের মন্ত্রী মোস্তাফিজুর রহমান। সভাপতিত্ব করেন মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ আসিফ-উজ-জামান। মন্ত্রণালয়ের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন সচিব মোহাম্মদ আসিফ-উজ-জামান এবং প্রাথমিক শিক্ষা অধিদফতরের পক্ষে মহাপরিচালক ড. আবু হেনা মোস্তফা কামাল এনডিসি, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর পক্ষে মহাপরিচালক বাসুদেব গাঙ্গুলী, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমির (নেপ) পক্ষে মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মোঃ শাহ আলম ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের মহাপরিচালক এ কে এম আনোয়ার হোসেন। মন্ত্রী বলেন, রূপকল্প ২০২১ ও ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের জন্য একটি কার্যকর, দক্ষ এবং গতিশীল প্রশাসনিক ব্যবস্থা একান্ত অপরিহার্য।